Pashchimi
Anjali 2020
Pashchimi
Promoting Indian Culture and Heritage in the West

Table of Contents

Acknowledgments 6

Editorial 7

ফিরে দেখা 8

মাতৃবন্দনা 12

টক -ঝাল -মিষ্টি 14

রূপং দেহি, জয়ং দেহি, ভ্যাক্সিন দেহি, কোরোনা নাশি 15

বাথরুম 20

দশমী মন 22

আমি সূর্য খুঁজে বেড়াই 23

An Initiative in Support of the Girl Child 24

Life Is Fair… Actually! 26

Pandemic Travel and Bay Area Staycations 27

Valedictorian Speech, WhatsApp University, Class of 2020 29

Recipe Section: Kolkata-Style Mutton Biryani 31

Art Corner 37

Acknowledgments

Pashchimi is pleased to present Durga Puja 2020 and its annual publication, Anjali 2020. We would like to thank everyone who contributed to Anjali through poetry, prose, and art. We enjoyed reading them and hope that you enjoy the contributions as much as we did. We would also like to thank all participants of the cultural programs who will enthrall the audience this year through a virtual stage. Our goal is to keep our culture and heritage alive in the west, and your efforts have a major impact in realizing that goal.

Our sincere thanks to our sponsors whose monetary and moral support inspire us and keep us going. We would like to extend a special note of appreciation to all of our sponsors.

We would also like to thank our purohits. The five day long pujo would be impossible without their dedication and support. Not only do they perform the pujo with all the required rituals, they also take time and effort to explain the meanings to our devotees. Please join us in thanking our pujaris, Debashish Bandyopadhyay, Chandan Mukherjee, and Sudip Majumdar.

Last, but not the least, our volunteers are our lifeline. Please accept our sincere appreciation and recognition. You are selflessly devoting your time and effort to make this event a success. Your dedication and effort cannot be appreciated enough.

Regards,

Pashchimi Team.

Editorial

This is a very unique year. It has become clear that we are all in a new normal. Every aspect of our daily life - be it grocery shopping, attending school or getting our prescription filled - has changed considerably. Similarly, when we started planning for a virtual Durga Pujo, we realized that we have to balance all aspects of our celebration - ensure safety, involve everyone, remain honest to tradition, as well as provide entertainment. This required us to think laterally and innovate as we went along.

Here we are trying to keep up all traditions of Pashchimi as close to our mission, as possible.

As the traditional way of organizing our Puja, with large crowds was not safe, we had a choice to make, either limit the attendance and still have an in-person experience, or make it completely virtual. While I am glad we chose a fully virtual Puja, I admit I will miss the ambiance, the energy and the humane touch that brings nostalgia. We will not let this aberration change us, but we have learnt that we are mere pawns in the grand design of nature.

With the crisis engulfing the world, sheltering in place has also provided us the opportunity to appreciate what we otherwise take for granted (safety of friends/family, food on the table, roof over our heads), and nurture our skills and talents, as show-cased in this magazine.

Stay safe, stay blessed, and wish you the best of this festive season.

Anjali Team
Editorial Team: Bibek Das, Srabasti Mukherjee, Tinny Bhowmik
Cover Image: Maa Durga, Epitome of Nari Shakti, Acrylic on Canvas, by Pamela Roy

ফিরে দেখা

পার্থসারথি দাস

কোথাও বেড়াতে গেলে আমাদের নানা রকম অভিজ্ঞতা হয়। নতুন জায়গা দেখার অভিজ্ঞতা, নতুন মানুষজনের সাথে পরিচয়, কখনও এমন ঘটনা ঘটে, সেই অভিজ্ঞতার কথা কোন দিনই ভুলতে পারা যায় না। আসলে বাড়ির বাইরে পা রাখলেই আমাদের অভিজ্ঞতার ঝুলিটা একটু একটু করে ভরতে থাকে, আর ঝুলিটা কখনই টইটুম্বুর হয়ে ভর্তি হয়না। অনন্ত পরিসর তার মধ্যে থেকেই যায় আর আমরাও নতুন নতুন অভিজ্ঞতায় সমৃদ্ধ হই। মনে হয়,একবার বাড়ির বাইরে গেলেই আমাদের পুরানো আমিটাও একটু বদলে যায়। আমাদের চোখদুটোও জীবনটাকে অন্য চশমায় দ্যাখে। ঠিক যেমন আমরা আমাদের চোখের পাওয়ার পাল্টে নতুন চশমায় চারপাশটাকে দেখে থাকি।

বাঙালীর রক্তে নাকি ভ্রমনাইটিসসের জীবানু আছে। আর সেই ব্যকটেরিয়ার প্রাদুর্ভাব ঘটে ছুটির অবসরে। পরিসংখ্যানও তাই বলে। বহু যুগ আগে বাঙালীর ভ্রমণ বলতে ছিল তীর্থযাত্রা, আর সেটাতে বয়স্ক মানুষদেরই ছিল একচেটিয়া অধিকার। বুড়োবুড়িরা দল বেঁধে যেতেন পুণ্যি করতে। আর এক ধরনের ভ্রমণ যা বড়লোক বা জমিদার শ্রেনীর মানুষের মধ্যে সীমাবদ্ধ ছিল, যখন তাদের কোন কঠিন বা মৃদু অসুখবিসুখ হোত। তখন তারা কখনও নিজেদের বজরায় বা রেলপথে পশ্চিমে যেতেন হাওয়া বদল করতে বা ভগ্ন স্বাস্থ্য উদ্ধার করতে।

এখন অবশ্য দিনকাল পাল্টেছে। যৌথপরিবার ভেঙে হোয়েছে অনু পরিবার। ফলে যৌথপরিবারের দায়িত্ব আর নেই, অনেকটা যাকে বলে ঝাড়া হাত পা। অনেকে তাদের আঙুলে সময়ের ভার অনুভব করেন। অতএব ইচ্ছে হলেই ‘চল পানসী বেলঘরিয়া’। তারপর জীবনের জটিলতাতো আছেই। অতএব সকলেরই চাই একটা ‘ব্রেক’। আর এই ব্রেকবোধটা চাঙ্গা হয়ে ওঠে গ্রীষ্মে,পূজা ও বড়দিনের ছুটিতে।

আমার বা আমার বন্ধুর অবশ্য ছুটিছাটায় বাইরে যেতেই হবে বা একটা ব্রেক নিতেই হবে তেমন কোন মাথার দিব্যি কোনদিনই দেই নি আমরা। আমাদের অনেকটা, ‘মনে থাকে যদি সায়,তবে কে আর পায়’ গোছের ব্যাপারের মত।

তবে এখন ভ্রমনের যে অভিজ্ঞতার কথা বলব সেটা বেশ কিছুদিন আগের অভিজ্ঞতার কথা, যখন মুঠোফোন আমাদের জীবনে আসেনি বা ডেবিড কার্ড ও ক্রেডিট কার্ডের জন্ম হয়নি। টাকা পয়সা টেঁকে নিয়ে বেড়িয়ে পড়লেই হল। সব সময় খুব সাবধানে চলা ফেরা করতে হোত। আসলে আমরা যখন আমাদের অভিজ্ঞতার ঝুলিতে মন বুলাই, তখন আমরা বোধহয় পুরানো অভিজ্ঞতাকেই পছন্দ করি। কারণটা বোধহয় আমাদের নিজেদের অজান্তেই আগের অভিজ্ঞতা থেকে কি পেয়েছি আর বর্তমান থেকে কি হারিয়েছি তার একটা তুলনা করি। আর মানুষ পুরানো অভিজ্ঞতারই মূল্য দেয়।

যাক এবার সরাসরি আমাদের ভ্রমণ বৃত্যান্তে আশা যাক।

সে বার আমরা দুটি পরিবার খাজুরাহো থেকে সাতনা ফিরব ফিরব করছি। পড়ন্ত বিকেলে, ঠিক যখন সন্ধ্যা নামছে, সেই সময় দিনের শেষ আলোয় খাজুরাহোর মন্দির গুলো কেমন অপরূপ হয়ে ওঠে, সেটা দেখবার জন্য আমাদের সাতনা রওনা হোতে একটু দেরি হল। ড্রাইভার অবশ্য একটু তাড়া দিচ্ছিল তাড়াতাড়ি রওনা হবার জন্য কারণ পান্না ফরেষ্ট পার হতে হবে বলে। জায়গাটায় নাকি ডাকাতের উৎপাত হয় মাঝেমাঝে।

প্রায় অন্ধকারের মধ্যেই আমরা সাতনা রওনা হলাম। জংগলের রাস্তায় পৌছোলে ড্রাইভার ভাই এই রাস্তায় তার অতীত অভিজ্ঞতার কথা শোনাচ্ছিলেন। বেশ কিছুটা পথ আসার পর, মানে আমরা যখন পান্না ফরেষ্টর প্রায় শেষ অংশে চলে এসেছি, তখন গাড়িতে আওয়াজ হল। আমি ড্রইভারের মুখের দিকে তাকিয়ে অনুমান করলাম একটা বড় বিপদ নিশ্চই হয়েছে। গাড়ির গতি কমে এল এবং থেমেও গেল। গাড়ি থেকে নেমে ড্রাইভার নীচে ঝুঁকে দেখে জানাল, ‘ইয়ে গাড়ি আউর নেহি চলেগি,গাডিকা ক্রস টুটগিয়া’। আমাদের মাথায় বাজ পড়ার মত অবস্থা। গাডিটাকে আমরা ঠেলে রাস্তার ধারে নাবালাম। ঘুটঘুটে অন্ধকার চারিধার। রাস্তার দুধারে ঘন জঙ্গল। ড্রাইভার আমাদের অভয় দিয়ে বল্লে, ‘চিন্তা মত কিজিয়ে,সাতনা যানে ওয়ালি গাড়ি পাকারকে আপলোগোকা বন্দোবস্ত কর দেঙ্গে’

বেশ কিছুটা দুরে দেখলাম একটু আলোর মত দেখা যাচ্ছে। আমি একটু সাহস করে এগিয়ে গিয়ে দেখলাম একটা শনের ঘর। কাছে যেতেই দেখলাম চার পাঁচ জন মানুষ বসে কি যেন খাচ্ছে। ওখানে ঢুকতেই তীব্র মদের গন্ধ নাকে এলো। আমাকে দেখে ওদের দেহাতি ভাষায় যা বল্লে তা অমি অনুমান করে আমাদের বিপদের কথা, গডপরতা বঙালি যেমন হিন্দি বলে, সেই ভাবেই জানালাম। ওরা আমাকে ওখানে রাখা একটা সাইকেল দেখিয়ে যা জানাল তাতে বুঝলাম যে সাইকেল টা নিয়ে

প্রায় পাঁচ কিলো মিটার গিয়ে শহর থেকে মেকানিক ডেকে আনতে পারি। এর বেশী সাহায্য আর ওরা কি বা করতে পারে! মনে মনে কৃতজ্ঞতা জানালাম তাদের। সাইকেলটা আমি নিয়েছিলাম কারণ আমার স্ত্রী খাজুরাহোতে পাথরের সাথে গুঁতো খেয়ে তিনি তার বুড়ো আঙ্গুলটির অবস্থা অত্যন্ত খারাপ করেছেন এবং তিনি হাঁটতে পারছেন না।

এদিকে আমাদের ড্রাইভার কোন বাস বা কোন যানবাহনকেই থামাতে পারেন নি। সেটাই স্বাভাবিক ছিল। রাতে জঙ্গলের মধ্যে কেইবা গাড়ি থামাবে, যেখানে ডাকাতের ভয়। অন্যকোন উপায় না দেখে আমরা চারজন বড় ও দুই ছোট ছেলে কে নিয়ে হাঁটতে শুরু করলাম। ড্রাইভার গাড়ি ছেড়ে আসতে রাজি হল না, সে গাড়িতেই থেকে গেল। আমরা হেঁটেই চলেছি। দিয়াশলাই জ্বালিয়ে হাত ঘড়িতে সময় দেখলাম,রাত পৌনে দশটা। জনমানব শূন্য রাস্তা।মাঝেমধ্যে দুএকটা বাস ও ট্রাক হুসহাস করে ছুটে যাচ্ছে।

অনেকটা পথ হেটে আমরা যখন নাগোদ শহরে এসে পৌঁছালাম তখন রাত সাড়ে দশটা। দোকান পাট সব বন্ধ।রাস্তা ঘাট শুনশান। আমরা কিছুই চিনি না বা জানি না। আমরা যেন অথৈজলে পড়লাম। কি করব বুঝে উঠতে পারছি না। কাউকে যে একটু জিজ্ঞাসা করব তারও উপায় দেখছি না। ভীষন অসহায় লাগছিল। বাচ্চা দুটো ঘুম ও ক্ষিদেয় কাতর হয়ে পড়েছে।

এমনই সময় দুজন মানুষ মটরসাইকেলে করে আমাদের সামনে এসে দাঁড়াল। আমরা সকলেই বেশ ভয় পেলাম। জানি না ওদের উদ্দেশ্য কি। আমাকে জিজ্ঞাসা করলেন মটর সাইকেলের চালক, 'আপলোগোকা কেয়া হুয়া? কই problem হুয়া?' মুখ দিয়ে মদের গন্ধ আসছে। কথা একটু জড়ানো। আমি আমার মত হিন্দিতে আমাদের সমস্যার কথা জানাতে ও আমার হিন্দি শুনে তিনি বল্লেন, 'আপ বাঙাল কা রহনে ওয়ালা হ্যায়?' আমি জানাই, 'জি হামলোগ বাঙাল মে রহনে ওয়ালে হুঁ'

তখন তিনি ভাঙা বাংলায় জানালেন, তিনি দূর্গাপুরে কিছুদিন ছিলেন এবং বাঙলা বোঝেন ও আমাকে আমার মাতৃভাষায় কথা বলতে অনুরোধ করলেন। নিজেই জানালেন, তার নাম সুধীর পান্ডে।

আমরা তখন আমাদের বিপদের কথা জানালাম। ইতিমধ্যে পান্ডেজী তার সংক্ষিপ্ত পরিচয়ে জানালেন, তিনি এখানে ব্যাবসা করেন আর এই বন্ধু যিনি মটর সাইকেলের পেছনে বসে ছিলেন তার নাম মনসুখ, তার মটর পারটস এর ব্যবসা। ঘটনাচক্রে আমরা তার দোকানের ঠিক সামনেই দাঁড়িয়ে। পান্ডেজী জানালেন, তিনি বেশ কিছুদিন দূর্গাপুরে ছিলেন আর সেই জন্যেই আমার হিন্দি শুনে নিশ্চিত হয়ে ছিলেন যে আমরা বাঙালী। তারপর বিশুদ্ধ বাংলায় আমাদের জানালেন, 'আপনারা আমার অতিথি,আপনাদের কোন অসুবিধা হবে না। আপনাকে আমি সহি সলামত সাতনা পৌঁছে দেব' তারপর তিনি তার বন্ধুকেও জানালেন যে আমাদের কোন রকম যেন অসুবিধা না হয়। আর মনসুক ভাইকে তার দোকান খুলতে বলে আমাদের রাতের খাবারের বন্দোবস্ত করতে বলে, আমাদের জানালেন তার এক বিশেষ কাজ আছে তাই তাকে চলে যেতে হবে। যাওয়ার সময় মনসুক ভাইকে তার মেহমানদের যথাযথ খাতিরদারি করতে বল্লেন আর তাকে স্মরণ করিয় দিলেন যে আমাদের যেন কোন রকম অসুবিধা না হয়। এই ব্যবস্থা করে তিনি মটর সাইকেলে স্টার্ট দিলে আমি তার হাত ধরে কৃতজ্ঞতা জানতেই আমায় বল্লেন, 'আপনি আমায় ধন্যবাদ দেবেন না। আপনারা একটা অসুবিধায় পরেছেন আর মানুষ হয়ে আমরা আপনাদের সাহায্য করব না! এটা আপনারা ভাবলেন কি করে। আমার বন্ধুটিও খুব ভাল ইনসান আছে,উনি সব ব্যবস্থা করে দেবেন।' একথা বলে তিনি রওনা হলেন। তারপর মনসুখ ভাই তখন তার মোটরপার্সের দোকান খুলে আমাদের বসার বন্দোবস্ত করেলেন। আর বারবার অনুরোধ করছেন আমরা যেন তার বাড়িতেই যাই সেখানে বাচ্চাদের খাবারের সমস্ত ব্যবস্থাই আছে। তিনি আরো অনুরোধ করলেন রাতটা যেন তার বাড়িতেই আশ্রয় নেই আমরা সবাই।

আমার বন্ধু একটু ভীতু প্রকৃতির মানুষ। আমাকে আলাদা ডেকে নিয়ে রীতিমত ধমকের সুরে আমাকে বলে যে, 'খবরদার তুই উনার কথায় রাজি হবি না কখনও,আমরা উনাদের বিষয়ে কিছুই জানি না,এত সহজে মানুষকে বিশ্বাস তুই করতে পারিস,আমি করব না।আমি যেকোন ভাবেই হোক সাতনা আজই ফিরে যাব।তুই চাইলে তুই থাকতে পারিস।' আমি বন্ধুকে বোঝাবার চেষ্টা করে ব্যর্থ হলাম। মনসুক ভাইকে বলি যে,গাড়ি যদি তাড়াতাড়ি ঠিক হয়ে যায় তবে সাতনা ফিরে যাব, আর সেটা না হলে আমাদের তখন অন্য কোন উপায়ই থাকবে না, তখন তোমার বাড়িতে না হয় থাকব। মনসুক ভাই তখন ছেলেদুটোর জন্য কোত্থেকে ডিম ভাজা আর আটার রুটি নিয়ে এলেন। আমাদের জন্যও আনতে চাইলে আমরা ভীষণ ভাবে তাকে মানা করলাম।

মনসুক ভাই তার বাড়িতে ফোন করে তার ছেলেকে ডাকিয়ে আনলেন। তারপর ছেলেকে পাঠালেন মেকানিকের বাড়ি।

আমি তখন প্রমাদ গুনছি। যদি গাড়ি ঠিক না হয় তখন কি হবে,কি করব তখন। এদিকে মনসুক ভাই বারবার পিড়াপিড়ি করতে লাগলেন তাদের বাড়ি গিয়ে বিশ্রাম নিতে আর রাতের খাওয়া খেতে। যতবার তিনি বলছেন,আমার বন্ধু

কটমট করে তাঁকিয়ে চোখের ইশারায় মানা করছে রাজি হতে। আমার সময় আর কাটেনা। মনে হোচ্ছে সময় থোমকে আছে। আর অ্যাড্রিনালিন রাশ বেড়েই চলেছে। রাস্তা দিয়ে জখনই কোন বড় আলো দেখছি ভাবছি এই বুঝি আমাদের গাড়ি ঠিক হয়ে এলো। রাত বাড়ছে আর আমার বুকের শব্দও তখন শুনতে পাচ্ছি মনেহয়। ঘড়ি দেখলাম রাত প্রায় ১২টা। বাচ্চাদুটো যে যার মায়ের কোলে ঘুমিয়ে পড়েছে।

ওদের দিকে তাকিয়ে ভাবি, ওরা কত নিশ্চিন্তে ঘুমিয়ে আছে সব চিন্তা আমাদের দিয়ে। শিশু থাকার এটাই পুরস্কার। সময় যাচ্ছে আর আমাদের টেনশন বাড়ছে।মাথায় কিছুই কাজ করছে না। দোকানে একটা ফোন এলো। মনসুক ভাইকে ফোন করে জানতে চাইলেন,আমরা তার বন্ধুর বাড়ি গিয়েছি কি না। আমাদের খাবারের ব্যবস্থা করা হয়েছি কি না ইত্যাদি। বন্ধু তখন আমাকে আড়ালে নিয়ে বলে, 'দেখলি ঐব্যাটা সব খোঁজ খবর করছে,নিশ্চই ওর খারাপ মতলব আছে,বুঝলি।' আমি বন্ধুর কথার কোন উত্তর দিলাম না। কি বা উত্তর দেব। আমি বুঝেছি যে মানুষেরা এমন ভাবে সবাইকে আপন করতে তারা কখনও খারাপ হতে পারে না।

আমার মনে হয় পৃথিবীতে ভাল মানুষের সংখ্যাই বেশী। উল্টোটা হলে আমাদের এই বিশ্ব বসবাসের উপযুক্ত হোত না।

রাত তখন ১২.৪৫।

ভাবছি এই বুঝি আমাদের গাডিটা ঠিক হয়ে চলে এল। আশা নিরাশার দোলনায় দুলছি। দূরে দেখি একটা গাড়ির আলো। ভাবছি এই গাড়িটিও আমাদের কাছ দিয়ে না থেমে চলে যাবে। মনে হোল গাড়িটির গতি কমছে। অবশেষে সেই প্রার্থিত সময় এল, গাডিটা এসে মনসুক ভাই এর দোকানের সামনে এসে দাঁড়াল। মনে হল আমাদের সকলের ঘাম দিয়ে জ্বর ছাড়ল।

তখনও মনসুক ভাই আমাদের অনুরোধ করে চলেছেন রাতে তাদের অতিথি হওয়ার। আমরা গাড়িতে ওঠার জন্য প্রস্তুত হোচ্ছি। আমার বন্ধু তখন পৃথিবীর সবথেকে পরিতৃপ্ত ও নিশ্চিন্ত মানুষ। আমি ভাবছি মনসুক ভাই থেকে কি করে বিদায় নেব। আমার সারা শরীর বেয়ে আবেগের ঢেউ নামছে। আমি মনসুক ভাইকে বল্লাম, 'ভাইয়্যা, ম্যায় আপকো প্যেয়ের ছু সাকতা হ্যায়?' এই কথা বলতেই তিনি আমাকে বুকে টেনে নিলেন। আমি আমার পিঠে তার ছোখের জলের স্পর্শ পেলাম। আমিও আমার আবেগকে নিয়ন্ত্রণ করতে পারলাম না। দুজনের চোখে তখন ভালবাসা আর সহমর্মিতার জল গডিয়ে পরছে। 'মনসুক ভাই,ম্যায় নেহি জানতা ভগবান হ্যায় কি নেহি,আজ মেরেকো এহেসাস হুয়া কি ইনসানই ভগবান হ্যায়,হামারা কোই ভাইয়া নেহি ঘরমে,আপহি হামারা ভাইয়া আউর ভগবান হ্যায়।'

আমাদের গাড়ি টা রওনা হল। যতদুর দেখা যায় দেখি মনসুক ভাইও আমাদের গাড়ির দিকে তাঁকিয়ে আছে। তারপর সবকিছু অন্ধকারে মিলিয়ে গেলেও আমাদের স্মৃতির মণিকোঠায় তারা আজও সবুজ ও সতেজ।

লেখক পরিচিতি:

অবসর প্রাপ্ত অধ্যক্ষ। স্থায়ী নিবাস শিলিগুড়ি,দার্জিলিঙ। করোনা কালে অস্থায়ী নিবাস স্যান হোসে,ক্যলিফরনিয়া।

নেশা: ভ্রমণ ও বইপড়া।

আগ্রহ: রাজনীতি,ছবিতোলা ও সামান্য লেখালেখি।

মাতৃবন্দনা

সুমিতা দাশগুপ্ত

শেষবেলায় জনা দুয়েক খদ্দের এসে পড়ায় দোকান বন্ধ করতে একটু দেরিই হয়ে গেল রাজুর।একে মফঃস্বল শহর তায় আবার লকডাউনের বাজারে সন্ধ্যে নামতেই মানুষ ঘরমুখী , দোকানপাট আজকাল আর বেশীক্ষণ খোলা রাখে না কেউই। ওদিকে পুজোর তো আর বেশী বাকি নেই ,আজই মা আর পারুলের শাড়ি দুখানা কিনে নেবে ভেবেছিলো , এখন দোকানখানা খোলা থাকলে হয় ---দূর থেকে মহামায়া বস্ত্রালয়ের জোরালো আলোটা নজরে এলো ,যাক দোকানটা খোলা আছে তাহলে , দ্রুত সাইকেলের প্যাডেলে চাপ দিলো রাজু।

দেখেশুনে সাধ্যের মধ্যেই পছন্দসই দুখানা শাড়ি কিনে নিয়ে বাড়ি ফেরার পথ ধরলো সে।বাজার এলাকা ছাড়িয়ে , কিছুদূর পর্যন্ত মূল শহরের ঘিঞ্জি এলাকা ,তারপরেই বাড়িঘরের ভীড় পাতলা হয়ে এসেছে, রাস্তাঘাট অপেক্ষাকৃত ফাঁকা । দূরে দূরে টুপি পরা পথবাতি, আলো আঁধারের মায়া ছড়িয়ে দিচ্ছে । রাজু একমনে সাইকেল চালাচ্ছিলো , তাকে এখনও অনেকখানি পথ পাড়ি দিতে হবে।
বাতাসে ছাতিম ফুলের ভারী গন্ধ , একটু একটু হিম পড়তে শুরু করেছে । কুয়াশার হালকা আস্তরণে চারপাশটা একটু আবছা। রাজু থেকে থেকে অন্যমনস্ক হয়ে পড়ছিলো ,কেন যেন আজ বহুদিন পর জোর করে ভুলে থাকা পুরোনো দিনের স্মৃতিগুলো মনের মধ্যে হুড়মুড়িয়ে চলে আসতে চাইছে ।
সেই কোন ছেলেবেলায় মাকে হারিয়েছিলো সে ,মুখখানাও আজ আর স্পষ্ট করে ধরা দেয় না চেতনায় ,চিহ্ন বলতে শুধু ছিলো তাঁর নিজের হাতে লাগানো একখানা জুঁই ফুলের গাছ।কালে দিনে ফনফনিয়ে বেড়ে উঠেছিলো সেটা। অজস্র ফুল ফুটতো তাতে। মনখারাপের দিনে রাজুর মনে হতো মা'ই বোধহয় গন্ধজালে জড়িয়ে ধরে রেখেছে তাকে । সৎমায়ের মাত্রাছাড়া অত্যাচারে যে রাতে রাজু লুকিয়ে ঘর ছাড়লো সেদিনও গাছটায় অজস্র ফুল ফুটেছিলো , বোধহয় গন্ধ ছড়িয়ে মা'ই রাজুর জন্য আকুল হয়ে কাঁদছিলো ।

ঘর ছাড়ার পর তো সে কী কঠিন জীবন সংগ্রামের ইতিহাস। সৎভাবে দুবেলা দুমুঠো ভাতের জোগাড় করতে কী না করতে হয়েছে তাকে ,ভাবলেও অবাক লাগে এখন।

তারপর তো সাতঘাটের জল খেয়ে ভাসতে ভাসতে এই বকুলপুরে এসে ওঠা এখান থেকে জীবন একটা বাঁক নিলো। হঠাৎ একদিন দেখা হয়ে গেল বাল্যবন্ধু সতুর সঙ্গে। বাজারে তার সাইকেল সারাইয়ের দোকান ।সব শুনে আশ্রয় দিলো , দুবেলা দুমুঠো খেতেও দিলো কিছুদিন। তারই চেষ্টায় টুকটাক কিছু কাজও ছুটে যাচ্ছিলো ।সৎ ও পরিশ্রমী বলে একটু একটু করে পায়ের তলায় মাটি পেয়ে যাচ্ছিলো সে।
মাথা গোঁজার এই ঠাঁইটুকুও জুটে গেছিলো সতুরই দৌলতে। শহরতলির নির্জন জায়গায় বসবাসকারিনী এক বয়স্কা মহিলারা একজন ভরসাযোগ্য সৎ মানুষের দরকার ছিল । ছেলে মেয়েরা দূর বিদেশে, রাতবিরেতে বিপদ আপদ সামাল দেয় কে! খবরটা পেতেই সতুই রাজুকে এখানে বহাল করে দিয়েছিলো। ,সেই থেকে রাজু এখানেই থাকে , বাড়িভাড়া তো লাগেই না , উল্টে মাসিমাই তাকে একটা মাসোহারা দেন।সতুর কাছে তার কৃতজ্ঞতার অন্ত নেই ,তাই সতু যখন নিজের শ্বশুরকে কন্যাদায় থেকে উদ্ধার করার জন্য ,তার ছোট শালীর সঙ্গে রাজুর বিয়ের প্রস্তাব আনলো সে আর সেটা ফেরাতে পারে নি , তবে রঙ ময়লা হলেও পারুল মেয়ে ভালো।

শ্বশুর মশাই ফাঁকিও দেন নি একেবারে , তাঁর নিজের দুখানা দোকানের মধ্যে , ছোটদের খেলনা সরঞ্জাম বিক্রির দোকানখানা তাকে যৌতুক দিয়েছিলেন। পরিশ্রমী রাজুর হাতে ব্যবসা বেশ রমরমিয়ে উঠেছিলো , জীবনে যখন সে একটু থিতু হতে শুরু করেছে , তখনই অকস্মাৎ নেমে এলো বিশ্বজোড়া বিপর্যয়। রুজিরোজগার একেবারে বন্ধ। এভাবে চলতে থাকলে জমানো টাকা পয়সা আর ক'দিন! কয়েক মাস পরে
লকডাউন শিথিল হলেও বিশেষ সুবিধা হলো না ,লোকে পেটের ভাত জোগাড় করতে হিমসিম খাচ্ছে , খেলনা কিনবে কে?রঘু তাই আজকাল রোজ রোজ সাইকেল ঠেঙিয়ে অতদূর যায় না।
সেদিন সকালে মাসিমা ঠেকে পাঠালেন। "তুমি কি আজও দোকানে যাবে না?"

মাথা নিচু করে ঘাড় নাড়লো রাজু।
"বেশ , তাহলে আমায় একটু বাজার করে এনে দাও তো বাবা " । হাতে টাকা আর লিষ্টখানা ধরিয়ে দিয়ে , পারুলের দিকে চেয়ে বললেন
"তুমি রান্নাঘরে গিয়ে কমলার সঙ্গে হাতে হাতে সাহায্য করে দাও তো ,আজ থেকে তোমরা দুজন আমার সঙ্গেই খাবে ,একা একা খেতে ইচ্ছে করে না।"

লজ্জায় সংকোচে মাথা নিচু হয়ে গেছিলো রাজুর ।ওরা যে ক'দিন ধরেই আধপেটা খেয়ে আছে সেটা বুঝি ধরা পড়ে গেছে ওঁর কাছে।

অবাক হবার আরও একটু বাকি ছিলো।খাওয়ার পর রাজুর হাতে একটা বেশি অঙ্কের টাকার চেক দিয়ে বললেন "এবারে আর ছোটদের নয় কয়েকটা বড়োদের সাইকেল দোকানে এনে রাখো তো , আমার হিসেব বলছে মানুষ এখন নিজস্ব পরিবহনের দিকে ঝুঁকবে। ব্যবসাটা আবার দাঁড় করিয়ে নাও , তখন না হয় টাকাটা শোধ দিও।"

চোখের জল আর বাঁধ মানে নি রাজুর , ঝরঝরিয়ে কেঁদে ফেলেছিলো সে ।ইনিই কী সেই ছেলেবেলায় হারিয়ে ফেলা মা! ক্ষুধার্ত মুখে অন্ন তুলে দেন, চরম বিপদে পাশে এসে দাঁড়ান তিনি তিনিই তো মা।
আজ এই শাড়িখানা তাঁর পায়ের কাছে রেখে প্রণাম করে মা বলে ডাকার অনুমতি চেয়ে নেবে সে , এবার পুজোয় এটাই তার মাতৃবন্দনা। একখানা জুঁই ফুলের চারাও লাগাতে হবে তার বারান্দা পাশটিতে।
সামনে একখানা ফুটবল খেলার মাঠ ।পিচরাস্তাটা একটু ঘুরে পাশ কাটিয়ে গেছে । রাজু আজ সাইকেল নিয়ে সরাসরি মাঠেই নেমে পড়লো আকাশে তৃতীয়ার চাঁদ , পাতলা কুয়াশার চাদরে জোছনার রেশমি সুতো নকশা বোনে।এবড়োখেবড়ো মাঠের মধ্যে দিয়ে চলেছে রাজু কিন্তু তার মনে হচ্ছিলো সে যেন হালকা পালকের মতো ভারহীন ,ভেসে চলেছে তার বাড়ির উদ্দেশ্যে।

অন্তহীন কাল ধরে মানুষের মনে অতি সঙ্গোপনে ঢেউ তোলে এমনই কতোশতো মুহূর্ত। কখনো সখনো তা ধরা দেয় কবির সংবেদনশীল মনে ।কবি কলম ধরেন --
" আজ তাহলে বাঁচারই গান স্বালি
আর একটিবার ঝলসে উঠুক চোখ
তারিখ ,সে তো পাল্টে যাবে কালই ,
সত্যি এবার নতুন কিছু হোক"।

টক -ঝাল -মিষ্টি

সুমিতা দাশগুপ্ত

বদমেজাজি সত্যসাধনবাবুর রাগের পারদটা , স্বভাবতই ঊর্ধমুখী। ইদানীং লকডাউনের বাজারে সেটা চড়চড়িয়ে তুঙ্গে উঠেছে , এখনও তার রেশ কাটেনি, সামান্য কারণেই দেশলাই কাঠির আগায় বারুদের মতো ফস্ করে জ্বলে উঠছেন , বিশেষ করে গিন্নির মুখোমুখি হলে তো আর কথাই নেই। গিন্নীটি এমনিতে শান্তশিষ্ট কিন্তু ইদানীং তাঁরও সহ্যের সীমা ছাড়িয়ে গেছে , আজকাল তিনিও আর ছেড়ে কথা কইছেন না , ফল যা হবার তাই হচ্ছে - বাড়িতে কাক চিল বসতে পারে না। পরিবারের বাকি সদস্যদের প্রাণ ওষ্ঠাগত। সবাই বুঝতে পারছেন কিছু একটা করা দরকার কিন্তু কী যে করা!!

অতঃপর পরিস্থিতি সামাল দিতে আসরে অবতীর্ণ হলো সত্যসাধনবাবুর একমাত্র ভরসাস্থল তাঁর আদরের নাতবৌ কমলিকা। মাথা খাটিয়ে জব্বর একখানা উপায় বের করে ফেললো সে । প্রথমেই দাদু -ঠাকুমার আসন্ন পঞ্চাশতম বিবাহবার্ষিকী উপলক্ষে দুখানা মোবাইল ফোন আনিয়ে উপহার দিলো , তারপর সুযোগ বুঝে তাঁদের হোয়াটসঅ্যাপের রঙিন দুনিয়ার সঙ্গে পরিচয় করিয়ে দিতেই -ব্যস্ ম্যাজিকের মতো সব অশান্তি উধাও।মন্ত্রমুগ্ধ সত্যবাবু আজকাল রাশি রাশি শুভেচ্ছা বার্তায় মগ্ন থাকেন, নিয়মরক্ষার্থে গিন্নির সঙ্গে যৎসামান্য তর্কাতর্কিটুকুও টেক্সট মেসেজেই সেরে নেন।

বাড়িতে এখন পরিপূর্ণ শান্তি বিরাজ করে। ওদের বাড়ির সামনে ইলেকট্রিক তারে এখন বুলবুলি আর দোয়েলরা শিস দিয়ে দোল খায়।

সংসারে এইসব ঘটতে থাকে বলেই জীবন বিস্বাদ হয়ে যায় না ,টক ঝাল মিষ্টিতে ভরপুর হয় জীবনের স্বাদ।

রূপং দেহি, জয়ং দেহি, ভ্যাক্সিন দেহি, কোরোনা নাশি

মৌসুমী মানি

মা দূর্গার বেশ কয়েক মাস ধরে মন খারাপ, এই যেদিন থেকে লকডাউন শুরু হল। কি যে দিনকাল পড়ল, সেই মার্চ মাস থেকে কোরোনার দাপটে সবাই কাহিল। নিউ ইয়র্ক, ইটালি, চিন, শত শত মানুষ একেবারে পটাপট উবে গেল ! এই যে আশ্বিন মাস, পূজো এসে গেল, কোথায় মানুষগুলো ঘুরে ঘুরে পূজোর বাজার করবে, তার উপায় নাই, বাইরে বেরোন নিষেধ, দোকান পাট সব বন্ধ। খুবই চিন্তার বিষয়।

একশ বছর আগে স্প্যানিশ ফ্লু এই রকমই একটা কান্ড করে ছিল, বহু কষ্টে তাকে শান্ত করা গেছে। তারও আগে স্মল পক্স বহু লোককে আক্রান্ত করেছিলন, পরে তিনি শিতলা দেবীর স্থান পেয়ে শান্ত হয়েছিলেন। এই কোরোনা হল তাদেরই খুড়তুতো বোন। দেবতার মর্যাদা পাওয়ার জন্যই তো বেটি এত খেল দেখাচ্ছে। তাই কোরোনা দেবীর জন্য বিশেষ স্থান সংযোজনের কথা ভাবা হচ্ছে, বাদুড় তার বাহন।

এইতো সেদিন বিল গেট্স আর বিশ্ব স্বাস্থ্য সংস্থার সাথে মায়ের মিটিং হল। মা বললেন "দ্যাখো আমাদের পুরানে যা সব অভ্যাসের কথা ছিল, তার প্রাসঙ্গিকতা আবার নতুন ভাবে ফিরে আসছে। ছোয়াছুয়ির ব্যাপারটা আমরা মেনে চলতাম, বাইরে থেকে এলে হাত পা ভালো করে না ধুলে ঘরে ঢোকা বন্ধ; কেউ অপরিস্কার হলে তার থেকে দুরত্ব বজায় রাখা হত; আমরা গঙ্গাজল ছড়াতাম, এখন ডিস্ইনফেক্টেন্ট আর স্যানিটাইজার দরকার। গায়ে উত্তরীয় পরা হত, এখন পি-পি-ই আর মাস্ক চাই সর্বদা। যদিও মা গোমূত্র সেবনএর ব্যাপারে মন্তব্য করতে চেয়েছিলেন, তবে সরস্বতির ভ্রুকুটি দেখ আর মুখ খোলেননি। মেয়ের খুব আপত্তি গোমূত্র সঙ্গে ভ্যাক্সিনের তুলনাতে, মেয়ের বক্তব্য –"এত বিদ্যা দান আর তবুও এখনও হবে গোমূত্র পান ? ছি ছি"। তাই মা শুধু ভ্যাক্সিনের কথাই উল্লেখ করলেন। ভারতের হিন্দুত্বাদিরা তো তাতেই আহ্লাদে আটখানা, তাদের অভিমত মা হিন্দু ধর্মকে পৃথিবীর শ্রেষ্ঠ বলে প্রমান করলেন। তাই তারা মাকে নোবেলে প্রাইজ এর জন্য মনোনীত করার প্রস্তুতি নিচ্ছে ।

মায়ের সাথে আলোচনা করেই বিল গেট্স তাঁর রিপোর্ট বার করেছেন, যে ভ্যাক্সিন ছাড়া এই কোরোনার থেকে নিস্তার নেই, তবে ভ্যাক্সিন বের হতে হতে আগামী বছরের মাঝামাঝি হয়ে যেতে পারে। ততক্ষন চলুক কোরোনা দেবীর পূজো, থালা বাজিয়ে, দীপ জ্বালিয়ে।

মায়ের মনে পড়ল এক্ষুনি একটা জুম মিটিং আছে। এই জুম ব্যাপারটা হয়েছে বেশ ভাল। প্রথম প্রথম মায়ের একটু অসুবিধে হত, আজকাল শিখে নিয়েছেন। ভালোই লাগে। বেশ সেজেগুজে লাল রঙের আই প্যাডের সামনে বসতে।

মা জুম মিটিং এ যোগ দিলেন, নারদ মিটিং পরিচালনা করছে। সান ফ্রান্সিস্কো, নিউ ইয়র্ক, কলকাতা, থেকে সব পুজো কমিটির কিছু লোকেদেরও যোগ দেওয়ার কথা আছে। মা মনে মনে বললেন, দেখি কে কে এল - আচ্ছা, স্যাটি (ওরফে সরস্বতি), লো (লক্ষ্মী), নেশ (গনেশ) আছে। ছেলেমেয়েরা এখন এই বিলাতি নামই পছন্দ করে, তাই এই নামেই এদের ডাকতে হয় এখন। প্রথমে কার্ট (কার্তিক) মিটিং এ যোগ দিতে চাচ্ছিলো না, বলে- "তোমাদের ওই পুরোন আমলের পূজো আমার কাছে এখন মিনিংলেস ।" কিন্তু মা ধমক দেওয়ায় পরে আসতে রাজি হয়েছে।

লক্ষ্মী কি একটা কথা বলের চেষ্টা করছে, মা বলল "লো , আন মিউট কর, শোনা যাচ্ছে না।" লক্ষ্মী আন মিউট করল," উচ্ছ্বসিত কন্ঠে বলল " মা কেমন আছো ?" "ভালো আছি মা।" বলেই মা মনে মনে ভাবলেন "লক্ষ্মী মেয়েটি আমার, যা হোক আমার খবর রাখে !"



ছবি ১ – দেবতাদের জুম মিটিং-- পূজো প্রস্তুতি'র জন্য

পুট করে আওয়াজ হল। মা দেখলেন বাবা শিব যোগ দিয়েছেন। মহিষাসুর এখনো যোগ দেয়নি, নারদ বললে একটু অপেক্ষা করি। বলতে বলতেই মহিষাসুর যোগ দিল, ওকে স্ক্রিনে দেখা যাচ্ছে, কিন্তু কথা শোনা যাচ্ছে না। মহিষাসুরের সব কিছু শিখতে বেশ দেরি হয়, জুম মিটিংটা সে এখনও ঠিক রপ্ত করে উঠতে পারে নি। তবে মা তা বঝেন, বহু সহস্রাব্দ ধরে মাথার কাজ কম করতে মহিষাসুরের ওই অবস্থা, তাই মার মাঝে মাঝে একটু দুঃখ হয় ওর জন্য। বেশ কিছুক্ষন কসরত করার পর মহিষাসুরের স্বর শোনা গেল। মিটিং চালু হল।

প্রথম কথা মহিষাসুরের- "আমার দুটো বক্তব্য আছে, এখন আমাদের ছয় ফিট দুরত্ব বজায় রাখতে হবে। তার পর এখনে থেকে আমি কারুর পদতলে থাকতে চাই না। সহস্র বছর ধরে আমরা, অসুররা নির্যাতত হয়ে আসছি, আর আমরা সহ্য করব না। আমাদের দাবি মানতে হবে। আমাদের সমান অধিকার চাই।" সবাই চুপ, এটা কি করে সম্ভব ? মা গনেশ কে জিজ্ঞেশ করলেন "নেশ তোমার কি মত ?" গনেশ বলল "মা, দিনকাল বদলেছে, তোমাদের ট্র্যাডিশন্যাল মূর্তি দেখলে রেসিজম বা বর্ণবাদের মামলা ঠুকে দিতে পারে। আর তাছাড়া ত্রিশূল বিদ্ধ তো করাই যাবে না, ঘাড়ে পা রাখা, উহু, নৈব নৈব চ! ব্ল্যাক লাইফ ম্যাটারস এর অনুসরন কারীরা এক্ষুনি মামলা করে দেবে । বড়োজোর মাঝেমধ্যে চোখ রাঙ্গানো যেতে পারে, যখন কোন মিডিয়ার লোকজন নজর করবে না। কাজেই মহিষাসুর যা বলছে তা মেনে নেওয়াই ভালো। তাছাড়া এতে এখনকার ছেলে মেয়েদের কাছে পূজোর তাৎপর্য আরো বাড়বে।" নেশের কথার যুক্তি আছে, তবেই না তাবড় তাবড় শিল্পপতিরা আসে নেশের কাছে বুদ্ধি নিতে, তাই মা বললেন তথাস্তু।

পরের আলোচনা হল মায়ের হাতের অস্ত্রগুলো নিয়ে। সবই এ্যান্টিক হয়ে গেছে, পরিবর্তন দরকার, সময়ের সঙ্গে সঙ্গে ওগুলো বদলাতে হবে। ঠিক হল সাবান, ডিস্ইনফেক্টেন্ট আর স্যানিটাইজার দিতে হবে অস্ত্রের বদলে। মা একটু ভ্রুকুটি কুটিল হলেন, কিন্তু মনে মনে ভাবলেন, ছেলে ছোকরাদের কথা মেনে নেওয়াই ভালো। যা দিন কাল পরেছে, চারদিকে লে-ওফ হচ্ছে। এই সময়ে দ্বিমত হওয়া ঠিক নয়। মা বললেন "ঠিক আছে।" কিন্তু মনে মনে ভাবলেন "এই সব পরিবর্তন ক্ষনকালের জন্য। কোরোনা এসেছে বলে কি মেয়েদের ওপর অত্যাচার কমেছে ? রাস্তাঘাটে যখন তখন মেয়েরা নর্যাতিত। অস্ত্র কমানোর থেকে বরং কিছু আধুনিক অস্ত্র যোগ করা উচিৎ। যাক এই পূজোটা, পরে ভেবে দেখব।"

মিটিং শেষ হল, মা রান্নাঘরের দিকে গেলেন। আজকাল সবাই বাড়িতে থেকে কাজ করায়, বাড়ির কাজকর্ম বেড়ে গেছে। এতজনের রান্না, তারপরে সাহায্য করার যে মেয়েটা আসত তাকেও কোরোনার জন্য ছুটী দেওয়া হয়েছে। ভাগ্যিস দশ হাত আছে তাই রক্ষে। বাজার করতে বেরিয়ে এক হাতে বাজারের থলে, এক হাতে গাড়ির চাবি, এক হাতে মোবাইল ফোন, এক হাতে মানিব্যাগ, একেক হাতে একেক জিনিস নিয়ে চললে কন্টামিনেশনের ভয় থাকছে না। তবে বাড়ি ফিরে দশ হাত ধুতে ধুতে একটু নাজেহাল হয়ে পড়েন। ছোয়াছুয়ি ব্যাপারটা মা কিছুটা মেনে চলতেন, এখন পুরো দমে করছেন। আগে বাবা শিব খেপে যেতেন, বলতেন "তোমার যত বাতিক!" কিন্তু এখন তাঁকেও ছোয়াছুয়ি মেনে চলতে হচ্ছে।

বাড়িতে সবাই থাকলেও দেখা সাক্ষাৎ বন্ধ। কারন সবাইকেই মাঝে মধ্যে কাজে বাইরে যেতে হয়, মাকে তো বিশেষ অতিথি হিসেবে হাসপাতালে প্রায় যেতে হয়, বাবা শিব এখনও এই কোরোনার সময়ও শ্মশানে মশানে ঘুরে বেড়ান গায়ে ভশ্ম মেখে। হিন্দুত্ববাদিদের এই ব্যাপারটা খুব পছন্দ, তারা বলছে, ভশ্ম মেখে থাকলে কোরোনার প্রকোপ থেকে রক্ষা পাওয়া যেতে পারে।

যদিও অশ্বিনীকুমার-দ্বয় এই ধরনাটিকে কুসংস্কার বলে নাকচ করে দিয়েছে, তবে হিন্দুত্ববাদি স্বাস্থ্য মন্ত্রি, বাবা শিবের এই ভশ্ম মাখা জটাধারি চেহারাটিকে খুব পছন্দ করেন। বাবা শিবকে তিনি স্বাস্থ্য দপ্তরের বিশেষ উপদেষ্টা হিসাবে নিয়োগ করেছেন। ২০০৮ সালের লে-অফের পর বাবা অবসর গ্রহন করতে বাধ্য হয়ছিলেন, এতদিন পর তাঁর একটা হিল্লে হল। তবে এতে দেশের বেশ উপকার হয়ছে। স্বাস্থ্য সচেনতার উন্মেষ না হলেও, দেশে এখন বেশ কিছু আন্তর্জাতিক তরুন পর্যটকের সমাগম হচ্ছে, ওরা নাকি বাবার এবং গাঁজার খুব ভক্ত।

দুপুরে আবার এক জুম মিটিং, স্যাটি (সরস্বতী) ওরগানাইজ করেছে, মনরোগ বিশেষজ্ঞদের সাথে। কোরোনার লকডাউনে সবার মধ্যে মানিসিক রোগ বেড়ে যাচ্ছে। এমনকি স্যাটি নিজেও বেশ মনমরা কয়েক মাস ধরে। ওর কথা ভেবে মায়ের ভারি চিন্তা হয়। সরস্বতী কোরোনা ভ্যাক্সিন তৈরি করতে ইউনিভার্সিটি গুলোর সাথে রাত দিন কাজ করে চলেছে। এত গুনি মেয়ে, কিন্তু এখনো উপযুক্ত পাত্র পাওয়া গেল না। ওই যে গতবার ইকনমিক্সএ অভিজিৎ ব্যানার্জি যখন নোবেল প্রাইজ পেল, মেয়েটা তো একমাস খাওয়া বন্ধ করে দল, ওর এত জ্ঞানগম্ভীর কাজ কি কারুর চোখে পড়ে না! তারপর দেখো অভিজিৎ কিনা এক বিদেশিনীকে বিয়ে করল, কেন আমাদের মেয়েরা কি ফেলনা নাকি ?

মিটিং চলতে থাকল, শেষের বিষয়- কোরোনার লকডাউনের সময় মানুষকে কিভাবে আশাবাদী রাখা যায়। একজন বললে "ইতালিতে কি সুন্দর সবাই ব্যালকনিতে দাঁড়িয়ে গান গেয়ে, বাদ্যযন্ত্র বাজিয়ে, নেচে সবাইকে অনুপ্রেরনা যোগাল। এরকমই আরো করা উচিৎ।" স্যাটি বললে- "আর আমরা কি করলাম ? থালা বাটি আর চামচ ছাড়া বাজানোর কিছুই পেলাম না ? এত করে সবাইকে যে সঙ্গিতকলা শেখালাম, সেতার, সরোদ, বাঁশি, তা কাজের বেলায় সব হাওয়া ? কি লজ্জা, কি লজ্জা! নিদেন পক্ষে গীতবিতান থেকে কয়েকটা বরীন্দ্রসঙ্গীত তো গাইতে পারত বাঙ্গালীরা ব্যালকনিতে দাঁড়িয়ে!"

মিটিং চলতে চলতেই কোরোনা ইমারজেন্সি হেল্প লাইন থেকে কল এল, মায়ের এক কোরোনা আক্রান্ত ভক্ত মাকে দেখতে চাইছে। এরকম মাঝে মাঝেই মাকে যেতে হয় হাসপাতালে রাউন্ড দিতে। তাই দশ হাত যুক্ত স্পেশাল পি-পি-ই বিশেষ ওর্ডার দিয়ে বানানো হয়েছে। ওই পরা কি সহজ কথা ? অনেক কারসাজি করে মাকে পরতে হয়। সত্যি, মায়ের খুব খারাপ লাগত প্রথম প্রথম কোরোনা ওয়ার্ডে গেলে। মা কত করে বলল, হাইড্রোক্সিক্লোরোকুইনিন সবাইকে দিতে, কিন্তু তারা মায়ের কথা সবসময় শুনলে তো। তারা আরো নানারকম বিলাতি ওষুধ চেষ্টা করে দেখছে। আজকাল সবটাতেই পলিটিক্স।



ছবি ২ -- মা এর কোরোনা ওয়ার্ড ভিজিট

হাসপাতাল থেকে ফিরেই মা আর এক মিটিং এ যোগ দিলেন। যমরাজা, চিত্রগুপ্ত, গনেশ, শিবঠাকুর, আর ভূতের দলের কিছু নেতা আছে। যমরাজা বললেন, "এই যে কোরোনার কারনে পরলোকের রাস্তায় ট্র্যাফিক জ্যাম লেগে গেছে, কে স্বর্গে আর কে নরকে যাবে ঠিক করাই যাচ্ছে না। চিত্রগুপ্ত খাতা দেখতে দেখতে হাপিয়ে উঠেছে, আর পারছে না। তারপর যারা সব ওনার সঙ্গে কাজকর্ম করে, তারা কোরোনার ভয়ে কাজে আসছে না। বাড়িতে বসে বেকার ভাতা পেলে কি কেউ কাজে যায় ? মহা সমস্যা। গনেশ বললে "বুঝেছি, ব্যাপারটা। আই-টি সিস্টেম পুরো আধুনিক করতে হবে। তারপরে আই-ও- টি (IoT), বিগ ডাটা (Big data)_, মেসিন লার্নিং (machine learning), এ-আই (AI/artificial intelligence), সব লাগিয়ে দেব। এ-আই (AI) কম্পিউটার ঠিক করবে কে নরক আর কে স্বর্গে যাবে, পরকালের রাস্তা একদম পরিস্কার হয়ে যাবে। আমি কয়েকটা ভেঞ্চার ক্যাপিটালিস্টকে বলে দিচ্ছি ওর কয়েকটা স্টার্ট আপকে এই কাজে লাগিয়ে দেব। প্রেসিডেন্ট ট্রাম্প নিজেও একদম রাজি এই ব্যাপারে বিনিয়োগ করতে, তিনি তো অনেক আগে থেকেই কোরোনা প্রোজেক্টে বিনিয়োগ করছিলেন।"

রাত্রি হয়ে গেল। সবার খাওয়া দাওয়া আলাদা আলাদা ঘরে। মা ভাবলেন, দেখি কার্তিক কি করছে, এই ভেবে তার ঘরের দরজায় উকি মারলেন; দেখেন ছেলে ভিডিও গেমস খেলছে । আজকাল আবার ট্যান করে গায়ের রঙ কালো করেছে যাতে বন্ধু মহলে দাম বাড়ে। মা বললেন "তোমার কাজকর্মের কি খবর ?" কার্তিক থেকে মুখ তুলে বলল "নতুন একটা মডেলিং এর কন্ট্রাক্ট পেয়েছি। গায়ের রঙ কালো করতে আগের থেকে ডিমান্ড বেড়ে গেছে।" মা খুব খুশি হলেন। যাক একটা পরিবর্তন এসেছে।

কিছুক্ষন পরে শিবঠাকুরের ঘরের দিকে গেলেন; বাবা গাঁজা খেয়ে বুঁদ হয়ে আছেন, কিন্তু সামনে জুম মিটিং খোলা। দেবতাদের সাথে একটা মিটিং চলছে। বাইরে দাঁড়িয়েই মা শুনতে পেলেন, বাবা বকছেন অগ্নি দেবতাকে "দ্যাখো তোমার বয়স হয়েছে, তুমি কন্ট্রোল হারিয়ে যখন তখন যেখানে সেখানে আগুন ধরিয়ে দিচ্ছ। এই যে ক্যালিফর্নিয়াতে প্রায় একমাস ধরে তুমি যে দেখিয়ে আসছো, তার পরিনাম কি ভেবে দেখেছো? এরকম চলতে থাকলে আমরা দেবতারা যে দল বেধে সান-ফ্রান্সিস্কো ঘুরতে যাই ফি বছর এলাহি ভাবে, তা ঘুচে যাবে। আমার মনে হয় তোমার রিটায়ার করা উচিৎ । একটা অল্প বয়সি দেবতাকে আমরা নিয়োগ করতে চাই যে অধুনা প্রযুক্তি গুলো জানে, আর সে পরিবেশ সম্পর্কেও সচেতন এবং যে গ্রেটা থুনবার্জ এর সাথে কাজ করতে পারবে।" মার এই প্রস্তাবটা খুব ভালো লাগল।

রাত্রি অনেক হল, মা ঘুমাতে যাওয়ার আগে হোয়াট্স য়্যাপ চেক করলেন। লক্ষ্মী মেসেজ রেখেছে। লক্ষ্মী ইউনাইটেড নেশন এর ফান্ড তোলার কাজে জেনেভায় গিয়ে আটকে পড়েছে। মা কল ব্যাক করলেন। লক্ষ্মী বলল "মা কোরোনা ভ্যাক্সিন তৈরীর কাজ ভালো চলছে, শুধু সমস্যা হচ্ছে কাকে কত দেওয়া হবে তাই নিয়ে। যাই হোক তোমার মহালয়ার গানটা এক মিউজিসিয়ান পরিবর্তন করে দিয়েছে, সময়োপযোগী করার জন্য - "**রূপং দেহি, জয়ং দেহি, ভ্যাক্সিন দেহি, কোরোনা নাশি।**" লক্ষ্মী গুন গুন করে গেয়ে উঠল। শুনতে শুনতে মা নিদ্রামগ্ন হলেন।

বাথরুম

রাজর্ষি চট্টোপাধ্যায় (চিত্রশিল্পী)

কাছেই একটা play school-এ ভর্তি হয়েছে রিঙ্কি। তিনবছর বয়স হলো রিঙ্কির। ওর বাবা অরুনাভ টালিগঞ্জের একটা পুরোনো ফ্ল্যাট বাড়িতে মফঃস্বল থেকে উঠে এসেছে। ফ্ল্যাটটা পুরোনো বলে ভাড়াটা একটু কম। ঘরগুলোও এখনকার তুলনায় বড়। ইচ্ছে আছে পরে বাড়িওয়ালাকে প্রস্তাব দেবে কিনে নেবার। কারণ বাড়িওয়ালার একমাত্র ছেলে বিদেশে থাকে, সে আর ফিরবে না।

এখান থেকে অফিসটা কাছে। রিঙ্কির মা গার্গী অফিসও পাশেই। সব মিলিয়ে একেবারে যাকে বলে রাজযোটক। কিন্তু রিঙ্কির মায়ের আবার পুরোনো flat-টা খুব একটা পছন্দ নয়। যাইহোক নতুন Flat-এর মজাটাই আলাদা। সকাল থেকেই ব্যস্ততা কারণ আজ সোমবার।

রিঙ্কির মা রিঙ্কিকে ঘুম থেকে তুলে দিয়েছে। ঘুম থেকে উঠেই আজ সে ঘ্যানঘ্যান করছে। ভালো লাগছে না গার্গীর। মেয়েকে বকাবকি করছে। ওকে School-এ দিয়ে তবেই অফিস যাবে। সোমবার দেরী হলে বস আর আস্ত রাখবে না। ঘ্যানঘ্যান করো না, চলো বাথরুমে চলো—বলতে বলতে মোবাইলে মন দেয় গার্গী। কি এলো দেখা দরকার।

দুটো বাথরুম। একদিকের বাথরুম-এ অরুনাভ চান করতে ঢুকেছে। চান করছে আর গার্গীকে তাড়া দিচ্ছে। সকাল থেকেই অস্থির অবস্থা। হঠাৎ পাশের বাথরুমে ছিটকিনি বন্ধের আওয়াজ। কি হোলো? কি করলি রিঙ্কি? এই কথা বলতে বলতে গার্গী ছুটে আসে।

এ বাবা! মেয়েটা বাথরুমে ঢুকে দরজাটা বন্ধ করে ফেলেছে। গার্গীর মাথায় বাজ পড়ে দিকবিদিক জ্ঞানশুন্য হয়ে যায়। রিঙ্কি, ভয় পেয়ো না মা। তুমি door-টা open করো মম্। ভয় পেয়ে রিঙ্কি কান্নাকাটি করছে।
অরুনাভ বললো কি হোলো?
দেখো না রিঙ্কি দরজায় ছিটকিনি বন্ধ করে ফেলেছে।
অরুনাভ'র মাথায় আগুন ছুটে যায়। মেয়েটাকে চোখে চোখে রাখতে পারোনা? সবসময় মোবাইল। একটু যে মেয়েটাকে সময় দেবে তা নয়—শুধু মোবাইল দেখছে। অসহ্য তুমি। বাবিন door-টা খোলো।

মেয়েটা অঝোরে কাঁদছে। কি করবে এখন police-এ খবর দেবে? Fire Brigade-এ খবর দেবে। দুটো বাথরুমের মাঝের দেওয়ালটায় সিলিং-এর কাছে প্রায় পনেরো-ষোল ইঞ্চি ফাঁক আছে। কিন্তু অরুনাভ নামতে পারবে না। ওতো বেশ মোটা হয়ে গেছে। একটা টুল নিয়ে এসে অরুনাভ ওঠে। ফাঁক দিয়ে রিঙ্কিকে দেখা যাচ্ছে বাচ্চাটা ভীষণ কাঁদছে।

রিঙ্কির মা ভয় পেয়োনা ছিটকিনিটা একটু ঘোরাও, রিঙ্কি পারছে না। গার্গী ভীষণ রেগে যায়, তখনই বলেছিলাম এই পুরোনো Flat-টা নিয়ো না। বাথরুমের দরজা কাঠের, সিনথেটিক হলে ভেঙ্গে ফেলা যেতো।

ভেঙ্গে ফেললে তো ওর দুর্ঘটনা হতে পারে—সেটা বুঝতে পারছো? গার্গী ফ্ল্যাটের সিকি!রিটিকে ওপর থেকে চেঁচিয়ে ডাকে, "শম্ভুদা ও শম্ভুদা একটু আসুন তো" দূর বুড়ো লোকটা কোনো কাজের না, শুধু ঝিমোচ্ছে। সবাই তো অফিস বেরোবে। এই সময় ধ্যাৎ। তবু সামনের Flat-কে ডাকে। এরমধ্যে অরুনাভ চেষ্টা চালিয়ে যাচ্ছে। রিঙ্কি অঝোরে কাঁদছে। একটা ঝুলঝাড়ু দিয়ে চেষ্টা করছে কিছুতেই হচ্ছে না।

সামনের flat-এর পায়েল ও সৌম্য ছুটে আসে। সৌম্য বলে নীচের ফ্লোরে গুজরাটিদের একটা ছোটো ছেলেকে কাজে রেখেছে। গ্রাম থেকে এসেছে। খুব ডাকাবুকো আছে, ওকে ডাকি। সৌম্য ডেকে আনে। বয়স বারো বছর। বেশ রোগা ও বেঁটে-ছোটখাটো। এদিক থেকে তো টুল দেবে ওদিক থেকে তো অনেকটা উঁচু। বাচ্চা ছেলেটিরও তো লাগতে পারে।

